# ২০২৬

# বাংলা

## (অনার্স)

## চতুর্থ সেমেস্টার

## কোর্স কোড : BNG-H-CC-T-10

## (বাংলা কবিতা)

## [CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘কালাপাহাড়’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কালাপাহাড় ঐতিহাসিক চরিত্র হিসেবে কার সেনাপতি ছিলেন?

খ) ‘প্রার্থনা’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? প্রার্থনা কে, কার উদ্দেশ্যে করেন?

গ) ‘সুচেতনা’ কবিতাটি জীবনানন্দ দাশের কোন্ কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে? সুচেতনা কোথায় আলো জ্বালাবে বলে কবি মনে করেন?

ঘ) ‘ভারততীর্থ’ কবিতাটি প্রথম কোন্ পত্রিকায় কী নামে প্রকাশিত হয়েছিল?

*(পরের পাতায়)*

ঙ) নবনীতা দেবসেন পৃথিবীকে কেমন হতে বলেছেন?

চ) 'আমার কৈফিয়ত' কবিতাটি কয়টি স্তবকে রচিত? এটি কোন্ ছন্দে লেখা?

ছ) 'সেই নারী' কবিতা অনুসারে বুকের মুঠোয় সারারাত কী ফোটে?

জ) 'দুঃখবাদ' বলতে কী বোঝো? দুঃখবিলাসী আর দুঃখবাদীর মধ্যে কী পার্থক্য দু'এক কথায় লেখো।

ঝ) 'ঐকতান' কবিতাটি কাব্যের কত সংখ্যক কবিতা? কাব্যের প্রকাশকাল লেখো।

ঞ) 'পৃথিবী বাড়ুক রোজ' কার লেখা? পৃথিবী রোজ কীভাবে বাড়বে?

ট) 'দেবী' কবিতায় ভিখিরি বালক কী করে?

ঠ) 'স্বর্গাদপি গরিয়সি' কথার অর্থ কী? কবি কাকে 'স্বর্গাদপি গরিয়সি' বলেছেন?

ড) 'জীবনদেবতা'কে কবি আর কী কী নামে সম্বোধন করেছেন?

ঢ) 'জন্মদিনে' কাব্যের প্রকাশকাল লেখো। 'ঐকতান' কবিতাটি 'জন্মদিনে' কাব্যের কত সংখ্যক কবিতা?

ণ) স্বাধীনতা পাওয়ার জন্য যে কৃষক, মাঝি, রিক্‌শাওয়ালা স্বপ্ন দেখেছিল, তাদের নাম কী কী ছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) সংসারে সন্ন্যাসী লোকটা ঠিক কেমন বলে তোমার মনে হয়? — কবিতাটি আলোচনা করে বুঝিয়ে দাও।



খ) 'হে মোর চিত্ত, পুণ্য তীর্থে জাগোরে ধীরে' — এখানে ভারতভূমিকে 'পুণ্যতীর্থ' বলা হয়েছে কেন?

গ) 'দুঃখবাদী' কবিতায় দুঃখবাদ সম্পর্কিত কবির মতামত বর্ণনা করো।

ঘ) 'জীবনদেবতা' কবিতায় জীবনদেবতার স্বরূপ আলোচনা করো।

ঙ) 'বন্যার গ্রাসে শত শত দুর্গতরা
এসো দেবী এসো বন্যাত্রাণের শিবিরে' — দেবীকে কবি কীরূপে মর্ত্যে আগমনের জন্য প্রার্থনা করেছেন?

চ) 'এক মুঠো চাল একশো কোটির জন্য' — কোন্ কবিতার অংশ? ব্যাখ্যা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'আমার কৈফিয়ৎ' কবিতায় কবি কৈফিয়তের আদলে নিজের চারিত্রিক বিশেষত্বকেই তুলে ধরেছেন—ব্যাখ্যা করো।

খ) 'পৃথিবীর মতো সেই অন্য এক পৃথিবীতে একা'— কোন্ কবিতার অংশ? এই একা মানবীর মূল্যায়ন তুমি কীভাবে করবে? ১+৯=১০

গ) সর্বগ্রাসী বিজ্ঞাপনের পণ্য শাসন মানুষের জীবনকে করে তুলেছে দুর্বিষহ — 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপন' কবিতায় তার বাস্তব প্রতিফলন ফুটে উঠেছে — আলোচনা করো।

ঘ) 'এই পৃথিবীর রণ রক্ত সফলতা সত্য, তবুও শেষ সত্য নয়' — ব্যাখ্যা করো।

---